



বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪, ৫৫০১১৮৫২, ৯১৪৩৪৯৫
Email: bfdc_64@yahoo.com, Fax: 880-02-55011853

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের জুন, ২০১৯ খ্রিঃ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি : পরিচালক (অর্থ) ও ইনোভেশন অফিসার।
সভার স্থান : সভাপতির সভাকক্ষ।
তারিখ : ১৭/০৬/২০১৯ খ্রিঃ।
সময় : বিকাল ১১:০০ ঘটিকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।

০১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি বলেন যে, উদ্ভাবন কর্মপরিকল্পনার উদ্দেশ্য হলো সরকারি দপ্তরে উদ্ভাবনী কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ করা। তিনি কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য ব্যবস্থাপক (পরিকল্পনা)-কে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৮-২০১৯ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সামগ্রিক অগ্রগতি উপস্থাপনের জন্য আহ্বান জানান।

০২। সভায় উপস্থিত সদস্যদের সাথে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৮-২০১৯ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন;	গত ২৪/৭/১৮খ্রিঃ তারিখে অত্র কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
১	১.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;	যথাসময়ে মন্ত্রণালয়ে এবং মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়িত	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
	১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ;	গত ১২/৮/১৮খ্রিঃ তারিখে অত্র কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা ও প্রশাসন বিভাগ

ক্রমং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
২	২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান;	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ১০টি সভার আহ্বানের নির্দেশনা রয়েছে। গত জুলাই/আগস্ট/সেপ্টেম্বর/অক্টোবর/নভেম্বর-২০১৮ খ্রিঃ মাসে ০১টি করে এবং জানুয়ারি/ ফেব্রুয়ারি/ মার্চ/এপ্রিল, ২০১৯ খ্রিঃ মাসে ০১টি করে মোট ০৯টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে।	অদ্য ১৭/০৬/১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার মাধ্যমে বছরের ১০টি সভার টার্গেট পরিপূর্ণ হবে।	পরিকল্পনা বিভাগ
	২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;	গত অক্টোবর মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। সিদ্ধান্তসমূহের অধিকাংশই বাস্তবায়ন করা হয়েছে।	বাস্তবায়িত	সংশ্লিষ্ট বিভাগ
৩	৩.১ এক দিনের ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার;	জুন, ২০১৯ খ্রিঃ এর মধ্যে এক দিনের ০৩টি ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের সিদ্ধান্ত আছে। গত নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে বিএফডিসি কর্তৃক একটি এবং ১১/১২/২০১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে একটি সর্বমোট ০২টি ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করা হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৭/০৩/১৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ৩:০০ ঘটিকায় একটি ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।	বাস্তবায়িত	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
	৩.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন;	জুন, ২০১৯ খ্রিঃ এর মধ্যে ০২ দিনের ০১টি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত আছে। দুই দিনের প্রশিক্ষণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় আয়োজনের জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।	জুন, ২০১৯ খ্রিঃ এর মধ্যে প্রস্তাবিত প্রশিক্ষণে রিসোর্স পারসন প্রেরণ করার জন্য মন্ত্রণালয় বরাবর চিঠি প্রেরণ করা যেতে পারে।	প্রশাসন বিভাগ
	৩.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন;	গত ৩০/১০/২০১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ০৫ দিনের প্রশিক্ষণ ঢাকার বাহিরে মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট, ময়মনসিংহ-এ মন্ত্রণালয় হতে কেন্দ্রীয়ভাবে ৪ হতে ৮ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখে আয়োজিত প্রশিক্ষণে কর্পোরেশনের ০২ (দুই) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	৩.৪ উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর;	উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত ০২ জন কর্মকর্তার বিদেশে শিক্ষা সফরের আয়োজন করার নির্দেশনা রয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
৪	৪.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আন্ধান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ;	গত ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে বিভিন্ন কেন্দ্র থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক নিম্নরূপ তালিকা প্রকাশ করা হয়েছে। ১) কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (এক্সেল) এর ব্যবহার। ২) কুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহন। ৩) আড়ৎদার ও পাইকারদের সাথে যোগাযোগের জন্য সামাজিক মাধ্যম ব্যবহার করা।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	৪.২ উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) জমা রাখা;	গত ৯/৯/১৮খ্রিঃ তারিখে উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) জমা রাখা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
৫	৫.১ ন্যূনতম ০২ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন;	ইতোমধ্যে ০৩টি উদ্ভাবনী উদ্যোগ কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত ০৩টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নের সফটওয়্যার (এক্সেল) এর ব্যবহার সংক্রান্ত পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হয়েছে। কিন্তু অপর ০২টির পাইলটিং কার্যক্রম সফলতার মুখ দেখেনি বিধায় সেগুলোর পাইলটিং কার্যক্রম চলমান রাখতে হবে। কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়ন কার্যক্রমকে আরও গতিশীল এবং যুগোপযোগী করার জন্য সফটওয়্যার গ্রহণের বিষয়েও উপস্থিত সদস্যরা একমত পোষণ করেন।	কুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহন এবং আড়ৎদার ও পাইকারদের সাথে যোগাযোগের জন্য সামাজিক মাধ্যম ব্যবহার করা সংক্রান্ত কার্যক্রমের পাইলটিং চলমান রাখতে হবে। কর্পোরেশনের বার্ষিক বাজেট প্রণয়ন কার্যক্রমকে যুগোপযোগী করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।	ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার কল্পবাজার ও ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, খুলনা। সচিব/হিসাব নিয়ন্ত্রক।
	৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবন প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান;	মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবন প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।	দাপ্তরিক কাজে কেন্দ্রসমূহ পরিদর্শনের সময় উর্ধ্বতন কর্মকর্তাদের চলমান উদ্ভাবনী উদ্যোগ সরেজমিনে পরিদর্শন সংক্রান্ত নির্দেশনা ভ্রমণ সূচিতে উল্লেখ করতে হবে। এবং ভ্রমণ প্রতিবেদনে এ সংক্রান্ত তথ্য থাকতে হবে।	পরিচালক/সকল বিভাগীয় প্রধান
	৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ;	আগামী ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে।	বাস্তবায়িত	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
৬	৬.১ ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজন;	গত ১৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখে বঙ্গবন্ধু নভোথিয়েটার, বিজয়সরনি, তেজগাঁও এ মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে ইনোভেশন শোকেসিং কর্মশালা ২০১৯ আয়োজিত হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ।
	৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেলিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন;	গত ১৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখে বঙ্গবন্ধু নভোথিয়েটার, বিজয়সরনি, তেজগাঁও এ মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজিত ইনোভেশন শোকেসিং কর্মশালা ২০১৯ এ কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (এক্সেল) ব্যবহারের উদ্ভাবনী উদ্যোগটি কর্পোরেশনের অন্যান্য কেন্দ্রে রেলিকেশন করার মৌখিক নির্দেশনা পাওয়া যায়।	মন্ত্রণালয়ের নির্দেশনানুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে।	সচিব
৭	৭.১ ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত;	আগামী ১০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। ডিজিটাল স্কেলের মাধ্যমে মাছ ওজন সংক্রান্ত পদ্ধতিটি প্রথমে রাজ্যমাটি কেন্দ্রের সদরে বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে বিষয়টি রাজ্যমাটি কেন্দ্রের আওতাধীন অন্য উপকেন্দ্রগুলোতেও চালু করা হয়।	বাস্তবায়িত	বিপণন বিভাগ
	৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা;	আগামী ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করার নির্দেশনা রয়েছে। আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়িত ডিজিটাল স্কেলের মাধ্যমে মাছ ওজন সংক্রান্ত উদ্যোগটির ডকুমেন্টেশন তৈরির জন্য পত্র নং-৬৭৬; তাং-১৮/০৩/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে রাজ্যমাটি কেন্দ্রে পত্র প্রেরণ করা হয়।	আলোচ্য ডকুমেন্টেশন যথাসময়ে তৈরির জন্য রাজ্যমাটির কেন্দ্র ব্যবস্থাপকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা বিভাগ
৮	৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণ;	গত ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুত করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন;	মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে আগামী ২২-২৩, জুন ২০১৯ খ্রিঃ তারিখে ০২ (দুই) দিনব্যাপী মেন্টরিং কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত হয়। উক্ত কর্মশালায় বিএফডিসি'র মেন্টররা অংশগ্রহণ করবেন।	মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা বিভাগ
৯	৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট/ পুরস্কার প্রদান;	বছরে ০৩ জন উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট প্রদান করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।	নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
	৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ;	অত্র কর্পোরেশনের ০৩ জন উদ্ভাবকের মধ্যে ০১ জনকে পত্র নং-৬৭২; তাং-১৩/০৩/১৯ খ্রিঃ এর মাধ্যমে প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেয়া হয়েছে। এছাড়া গত ১৯/০৩/১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের দু'জন কর্মকর্তা অত্র কর্পোরেশনে আসেন। তাদের সাথে অত্র কর্পোরেশনের ইনোভেশন টিমের নলেজ শেয়ারিংমূলক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।	বাস্তবায়িত	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
	৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ;	০১ জন উদ্ভাবকের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। আগামী ২৪-২৮ জুন, ২০১৯খ্রিঃ তারিখে সিঙ্গাপুরে মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে একটি শিক্ষা সফর আয়োজন হবে।	মনোনীত ব্যক্তিকে/কর্মকর্তাকে শিক্ষা সফরে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
	১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ;	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দের নির্দেশনা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে।	বাস্তবায়িত	অর্থ বিভাগ
১০	১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়;	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না।	ইতোমধ্যে প্রাপ্ত বাজেটের ৫৭,০৬০ টাকা ব্যয় হয়েছে। জুন, ১৯খ্রিঃ এর মধ্যে বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ ব্যয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	অর্থ, প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
১১	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর;	ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৮-১৯ অর্থ-বছরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে ০২টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক/চুক্তি স্বাক্ষরের নির্দেশনা রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কর্পোরেশনের আওতাধীন চট্টগ্রাম মৎস্য বন্দর কর্তৃক ইতিমধ্যে নির্যাস ট্রেডিং কর্পোরেশন এবং প্যাসিফিক স্টিল কর্পোরেশন এর মধ্যে ০২টি চুক্তি স্বাক্ষরিত হয়।	বাস্তবায়িত	ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার
১২	তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ;	আগামী ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী প্রতি মাসে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদ করা হচ্ছে।	বাস্তবায়িত	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
১৩	ই-সেবা তৈরি ও বাস্তবায়ন করা;	ব্যবস্থাপক, বিপণন বিভাগ সভায় জানান যে, on-line-এ মাছ বিক্রির জন্য ইতোমধ্যে বিএফডিসি'র একটি ওয়েবসাইট ডেভেলপ করা হয়েছে। এই কার্যক্রমটি একটি ই-সেবা।	উক্ত সেবাটি চলমান রাখতে হবে এবং কার্যক্রমের পরিধি বৃদ্ধি করতে হবে।	বিপণন ও প্রশাসন বিভাগ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১৪	১৪.১ ন্যূনতম ০১টি সেবা পদ্ধতি সহজীকরণ ও বাস্তবায়ন;	আগামী ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি সেবা সহজীকরণ ও বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। হিসাব বিভাগ কর্তৃক কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড এর অগ্রিম, আংশিক ও চূড়ান্ত পরিশোধের নির্ধারিত আবেদন ফরম, নমিনী ফরম এবং বেনাভোলেন্ট ফান্ড হতে মাসিক বিলের ফরম গত ০৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এতে করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ওয়েবসাইট থেকে ফরমগুলো ডাউনলোড করে সেগুলো যথাযথভাবে পূরণ করে প্রধান কার্যালয়ে সহজেই প্রেরণ করতে পারে।	বাস্তবায়িত	হিসাব নিয়ন্ত্রক
১৫	১৫.১ আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ;	বাস্তবায়িত	বাস্তবায়িত	মন্ত্রণালয় কর্তৃক
	১৫.২ আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;	প্রতি মাসে সভা করে ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হচ্ছে।	কার্যক্রম চলমান রাখতে হবে।	পরিকল্পনা বিভাগ
১৬	১৬.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন;	আগামী ৩১/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;	অত্র কর্পোরেশন কর্তৃক মূল্যায়িত এবং মন্ত্রণালয়ে প্রেরিত অর্ধ-বার্ষিক কর্মপরিকল্পনা যথাসময়ে মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	--	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
	১৬.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন;	আগামী ১৫/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে।	যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১৬.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;	অত্র কর্পোরেশন কর্তৃক মূল্যায়িত এবং মন্ত্রণালয়ে প্রেরিত বার্ষিক কর্মপরিকল্পনা যথাসময়ে মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	--	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(রঞ্জিত কুমার)
যুগ্ম সচিব
পরিচালক (অর্থ)

ও
ইনোভেশন অফিসার
কেন্দ্রীয় ইনোভেশন কমিটি।